# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2017**
**THIRD YEAR (BATCH 2015-18)**
**BENGALI (Honours)**

Date : 18/12/2017
Time : 11 am – 3 pm
Paper : V
Full Marks : 84

প্রতিটি বিভাগের জন্য পৃথক পৃথক উত্তরপত্রের ব্যবহার আবশ্যিক। বিভাগ-‘খ’ -এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রে লিখতে হবে। পরীক্ষা-পরিদর্শক পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পর বিভাগ-‘খ’ -র উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

## বিভাগ - ক

১। রবীন্দ্রনাথ ঠাকুর বিদ্যাসাগরকে বাংলা গদ্যভাষায় প্রথম যথার্থ শিল্পী বলে অভিহিত করেছিলেন। রবীন্দ্রনাথ কেন এমন মন্তব্য করেছিলেন আলোচনা করো।

**অথবা** (১১)

শঙ্খ ঘোষের গদ্য এক অপরূপ সৃজনকর্ম। উপলব্ধির উষ্ণতা এবং যুক্তিমনের শৃঙ্খলায় পরিশীলিত অথচ স্বাভাবিক।— শঙ্খ ঘোষের গদ্যের স্বাতন্ত্র্য সন্ধানে এই মন্তব্যের প্রাসঙ্গিকতা কতখানি, তা বিচার করো।

২। সংক্ষেপে আলোচনা করো (**যে কোনো একটি**) (১ × ৪)

ক) প্রাচ্য ও পাশ্চাত্য

খ) হঠাৎ- আলোর ঝলকানি

৩। বাংলা সাময়িক পত্রের ইতিহাসে ‘বঙ্গদর্শন’ পত্রিকার অবদান আলোচনা করো।

**অথবা** (১১)

লিট্‌ল্ ম্যাগাজিন বলতে কী বোঝো? লিট্‌ল্ ম্যাগাজিনের উদ্ভব, বিকাশ ও সংকট সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।

৪। সংক্ষেপে আলোচনা করো (**যে কোনো একটি**) (১ × ৪)

ক) কল্লোল

খ) কৃত্তিবাস

৫। ‘পথের পাঁচালী’ উপন্যাসের দুর্গা চরিত্রটি আলোচনা করো।

**অথবা** (১০)

‘পথের দেবতা প্রসন্ন হাসিয়া বলেন—মূর্খ বালক, পথ তো আমার শেষ হয়নি . . .’ ‘পথের পাঁচালী’ উপন্যাসে ‘পথ’ ও ‘পথের দেবতা’র ভূমিকা কতখানি, তা আলোচনা করো।

৬। ‘শুধু ইন্দির ঠাকরুন এখনও বাঁচিয়া আছে।’ — এই উক্তির কারণ কী? (২)

**অথবা**

‘একটা ছড়া জানিস?’—কে, কাকে বলেছে? ছড়াটি কী? (১ + ১)

৭। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে হোসেন মিঞা ও ময়নাদ্বীপ— উভয়েই রহস্যময়তার দ্যোতক হয়ে উঠেছে। আলোচনা করো।

**অথবা** (১০)

‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কুবের চরিত্রটি আলোচনা করো।

৮। ‘জেলেপাড়া মেজোবাবুর প্রণয়িনীর উপনিবেশ!’— মন্তব্যটির কারণ ব্যাখ্যা করো। (২)

**অথবা**

‘কপিলার সত্যবাদিতার ফল যদি কেহ ভোগে ভুগিবে কপিলাই!’— মন্তব্যটি বিচার করো। (২)

৯। ‘‘অভাগীর স্বর্গ’’ গল্পে কাঙ্গালী শেষে যখন মায়ের মুখে আগুন দিল তখন পরিত্যক্ত পোড়া খড়ের আঁটি থেকে যে ‘স্বল্প ধূঁয়াটুকু’ ঘুরে ঘুরে আকাশে উঠছিল তার মধ্যে কেবল শোষিত মানুষের অসহায়তা ছিল না, ছিল শোষণের বিরুদ্ধে লেখকের একান্ত আকাঙ্ক্ষিত নীরব প্রতিবাদ—আলোচনা করো।

**অথবা** (১১)

‘মহানগরের ওপর সন্ধ্যা নামে বিস্মৃতির মতো গাঢ় ।’— প্রেমেন্দ্র মিত্র পাঠককে কেমন মহানগরের গল্প বলেন, তার পরিচয় দাও। আর সেখানে ‘সন্ধ্যা নামে বিস্মৃতির মতো গাঢ়’ কেন? (৭ + ৪)

১০। ‘সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত। কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই।’— কোন্ গল্পের অংশ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। (১ + ৩)

**অথবা**

‘আঃ আঃ বুক ভরিয়া বাতাস টানিয়া লইয়া আকুলভাবে সে কামনা করিল, আলো ও মাটি।’ এই উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। (৪)

১১। ‘টোবা টেক সিং’ গল্পের পটভূমিতে একটি পাগলাগারদের কিছু পাগলকে পাই আমরা, এদের পাগলামির পরিচয় বিশ্লেষণ করে দেশভাগের গল্প হিসেবে এর সার্থকতা বিচার করো।

**অথবা** (১১)

‘সুন্দর হে সুন্দর’ গল্পে যে সৌন্দর্যভাবনার প্রকাশ ঘটেছে, তার পরিচয় দাও।

১২। ‘শাহনির মুখ রক্তশূন্য হয়ে পড়ে।’ — শাহনির মুখ কেন ‘রক্তশূন্য’ হয়ে পড়ে?

**অথবা** (৪)

‘একি তবে কুকুরের বাসি- পচা রক্তের গন্ধ।’—এই উক্তির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।

———— × ————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2017**
**THIRD YEAR (BATCH 2015-18)**
**BENGALI (Honours)**
Paper: V

Date : 18/12/2017
Time : 11 am – 11.25 am
Full Marks : 16

Reg. No :______________________________ Admit Roll No. : _____________________________

বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

<u>বিভাগ - খ</u>

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ

অ) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় কর ঃ (০.৫ × ১৬)

১। <u>বিপদে</u> মোরে রক্ষা কর।
- ক) কর্ম কারকে 'এ' বিভক্তি।
- খ) করণ কারকে 'এ' বিভক্তি।
- গ) অপাদান কারকে 'এ' বিভক্তি।
- ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

২। লোকেরা <u>পাশা</u> খেলে।
- ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
- গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।
- ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৩। নাহি গঞ্জি <u>তোমা</u>।
- ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।
- খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- গ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
- ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৪। সে <u>দুঃখে</u> কাঁদছে।
- ক) কর্ম কারকে 'এ' বিভক্তি।
- খ) করণ কারকে 'এ' বিভক্তি।
- গ) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি।
- ঘ) অপাদান কারকে 'এ' বিভক্তি।

৫। <u>কুঞ্জে কুঞ্জে</u> গাহে পাখি।
- ক) কর্ম কারকে 'এ' বিভক্তি।
- খ) করণ কারকে 'এ' বিভক্তি।
- গ) অপাদান কারকে 'এ' বিভক্তি।
- ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

৬। মরা <u>লোকে</u> তো আর কথা কয় না।
- ক) কর্তৃ কারকে 'এ' বিভক্তি।
- খ) কর্ম কারকে 'এ' বিভক্তি।
- গ) করণ কারকে 'এ' বিভক্তি।
- ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

৭। <u>মনের</u> মানুষ খুঁজে ফিরি।
- ক) কর্ম কারকে 'এর' বিভক্তি।
- খ) করণ কারকে 'এর' বিভক্তি।
- গ) সম্বন্ধ পদে 'এর' বিভক্তি।
- ঘ) সম্বোধন পদে 'এর' বিভক্তি।

৮। <u>লাঠিতে</u> মেরো না।
- ক) কর্ম কারকে 'তে' বিভক্তি।
- খ) করণ কারকে 'তে' বিভক্তি।
- গ) অপাদান কারকে 'তে' বিভক্তি।
- ঘ) অধিকরণ কারকে 'তে' বিভক্তি।

৯। দুধে দই হয়।

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি।
খ) করণ কারকে 'এ' বিভক্তি।
গ) অপাদান কারকে 'এ' বিভক্তি।
ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

১০। ট্রেনটি হাওড়া ছাড়ল।

ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।
ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

১১। জননী, গুণ্ঠন খোল।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।
খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি।
ঘ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

১২। গোলাপের চারা আনব।

ক) কর্ম কারকে 'এর' বিভক্তি।
খ) নিমিত্ত কারকে 'এর' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'এর' বিভক্তি।
ঘ) সম্বোধন পদে 'এর' বিভক্তি।

১৩। আমিনা, ভাত দে।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।
খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি।
ঘ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

১৪। কল দিয়ে জল পড়ে না।

ক) কর্ম কারকে 'দিয়ে' অনুসর্গ।
খ) করণ কারকে 'দিয়ে' অনুসর্গ।
গ) অপাদান কারকে 'দিয়ে' অনুসর্গ।
ঘ) অধিকরণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

১৫। জানলা দিয়ে মিছিল দেখি।

ক) কর্ম কারকে 'দিয়ে' অনুসর্গ।
খ) করণ কারকে 'দিয়ে' অনুসর্গ।
গ) অপাদান কারকে 'দিয়ে' অনুসর্গ।
ঘ) অধিকরণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

১৬। পুরাণের গল্প শুনি।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।
খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি।
ঘ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

**আ) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর :** (০.৫ × ১৬)

১। চন্দ্রচূড়—

ক) চন্দ্রের নিমিত্ত চূড়া (নিমিত্ত তৎপুরুষ)
খ) চন্দ্রের ন্যায় চূড়া (উপমান কর্মধারয়)
গ) চন্দ্র চূড়ার ন্যায় (উপমিত কর্মধারয়)
ঘ) চন্দ্র চূড়ায় যাহার (বহুব্রীহি)

২। রাজভৃত্য—

ক) রাজার ভৃত্য (সম্বন্ধ তৎপুরুষ)
খ) ভৃত্যের রাজা (সম্বন্ধ তৎপুরুষ)
গ) রাজার ন্যায় ভৃত্য (উপমান কর্মধারয়)
ঘ) রাজা প্রতিপালিত ভৃত্য (মধ্যপদলোপী কর্মধারয়)

৩। দাদাঠাকুর—

ক) দাদার ঠাকুর (সম্বন্ধ তৎপুরুষ)
খ) দাদা ঠাকুরের ন্যায় (উপমিত কর্মধারয়)
গ) দাদার পূজনীয় ঠাকুর (মধ্যপদলোপী কর্মধারয়)
ঘ) যিনি দাদা তিনি ঠাকুর (কর্মধারয়)

৪। কাজলকালো—

ক) কাজল আবৃত কালো (মধ্যপদলোপী কর্মধারয়)
খ) কাজলের ন্যায় কালো (উপমান কর্মধারয়)
গ) কাজল কালোর ন্যায় (উপমিত কর্মধারয়)
ঘ) কাজল রূপ কালো (রূপক কর্মধারয়)

৫। হাটেবাজারে—

ক) হাট ও বাজার (দ্বন্দ্ব)
খ) হাটে ও বাজারে (অলোপ দ্বন্দ্ব)
গ) হাটের ন্যায় বাজার (উপমান কর্মধারয়)
ঘ) হাট বাজারের ন্যায় (উপমিত কর্মধারয়)

৬। পঞ্চানন—

ক) পঞ্চ আননের সমাহার (দ্বন্দ্ব)
খ) পঞ্চ আনন যাহার (বহুব্রীহি)
গ) পঞ্চ ও আনন (দ্বন্দ্ব)
ঘ) পঞ্চের ন্যায় আনন (উপমান কর্মধারয়)

৭। বীণাপাণি—

ক) বীণার নিমিত্ত পাণি (নিমিত্ত তৎপুরুষ)
খ) বীণার ন্যায় পাণি (উপমান কর্মধারয়)
গ) বীণা পাণির ন্যায় (উপমিত কর্মধারয়)
ঘ) বীণা পাণিতে যাহার (বহুব্রীহি)

৮। পঙ্কজ—

ক) পঙ্ক দ্বারা জাত (করণ তৎপুরুষ)
খ) পঙ্কে জন্মে যাহা (উপপদ তৎপুরুষ)
গ) পঙ্কে জন্ম যাহার (বহুব্রীহি)
ঘ) পঙ্ক হইতে জাত (অপাদান তৎপুরুষ)

৯। অরিন্দম—

ক) অরিকে দমন (কর্ম তৎপুরুষ)
খ) অরি দ্বারা দমন (করণ তৎপুরুষ)
গ) অরি হইতে দমন (অপাদান তৎপুরুষ)
ঘ) অরিকে দমন করে যে (উপপদ তৎপুরুষ)

১০। শতাব্দী—

ক) শত অব্দ যাহার (বহুব্রীহি)
খ) শত অব্দের সমাহার (দ্বিগু)
গ) শত যে অব্দ (কর্মধারয়)
ঘ) শতের জন্য অব্দ (নিমিত্ত তৎপুরুষ)

১১। নির্ভীক—

ক) নয় ভয় (নঞ্ তৎপুরুষ)
খ) নাই ভয় যাহার (নঞ্ বহুব্রীহি)
গ) ভয়ের অভাব (অব্যয়ীভাব)
ঘ) ভয় দ্বারা হীন (করণ তৎপুরুষ)

১২। প্রত্যহ—

ক) দিন দিন (অব্যয়ীভাব)
খ) অহ অহ (অব্যয়ীভাব)
গ) অহের প্রতি (অব্যয়ীভাব)
ঘ) প্রতি অহ (অব্যয়ীভাব)

১৩। নীলোৎপল—

ক) নীলের ন্যায় উৎপল (উপমান কর্মধারয়)
খ) নীল উৎপল যাহার (বহুব্রীহি)
গ) নীল যে উৎপল (কর্মধারয়)
ঘ) নীল উৎপলের ন্যায় (উপমিত কর্মধারয়)

১৪। গৃহহীন—

ক) গৃহ নাই যাহার (নঞ্ বহুব্রীহি)
খ) গৃহ হইতে হীন (অপাদান তৎপুরুষ)
গ) গৃহতে হীন (অধিকরণ তৎপুরুষ)
ঘ) গৃহ দ্বারা হীন (করণ তৎপুরুষ)

১৫। যুগান্তর—

ক) যুগের অন্তর (সম্বন্ধ তৎপুরুষ)
খ) যুগ হইতে অন্তর (অপাদান তৎপুরুষ)
গ) যুগ অন্তর যাহার (বহুব্রীহি)
ঘ) অন্য যুগ (নিত্য সমাস)

১৬। উপকূল—

ক) কূলের প্রতি (অব্যয়ীভাব)
খ) কূলের সমীপে (অব্যয়ীভাব)
গ) কূলের বিপরীত (অব্যয়ীভাব)
ঘ) কূলের সদৃশ (অব্যয়ীভাব)

—————— × ——————